

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৭৫

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ মুহর্রিম ব্যক্তি জুতা ও লুঙ্গি না পেলে তার জন্য চামড়ার মোজা ও পাজামা পরিধান করা বৈধ রয়েছে

ذَكَرُ نَفِي الْحَرَجِ عَنْ لَابِسِ الْخُفَيْنِ وَالسَّرَاوِيلِ فِي إِحْرَامِهِ عِنْدَ عُدْمِ النَّعْلَيْنِ وَالْإِزَارِ

আরবী

3775 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ حَدَّثَنَا الْحَوْضِيُّ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ جَابِرِ بْنِ زَيْدٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ بَعْرَفَاتٍ: (مَنْ لَمْ يَجِدْ نَعْلَيْنِ فَلْيَلْبَسْ خُفَيْنِ وَمَنْ لَمْ يَجِدْ إِزَارًا فَلْيَلْبَسْ سَرَاوِيلَ) الراوي: ابْنُ عَبَّاسٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3774 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (153) ، ((صحيح أبي داود)) (1605).

বাংলা

৩৭৭৫. আব্দুল্লাহ বিন আব্বাস রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আরাফার ভাষণে বলতে শুনেছি, তিনি বলেছেন, “যে ব্যক্তি লুঙ্গি পায় না, সে যেন পাজামা পরিধান করে আর যে ব্যক্তি জুতা পায় না, সে যেন চামড়ার মোজা পরিধান করে।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ১৮২৯; নাসাঈ: ৫/১৩২-১৩৩; তাবারানী আল কাবীর: ১২৮১০; তাহাবী: ২/১৩৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৬০৫)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93114>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন